

তোমাতেই তুমি

-আল নোমান শামীম

মেয়েটাকে বলি, কোথায় যাবে
কোথা গেলে পাবে এতো ভালবাসা
মেয়েটা বলে, ধুর, আকাশ এমন-
দুপুর রোদে শাড়িটা ময়লা !
তোমারি জন্যে এতোটা আকাশ,
দুপুর এবং চিরচেনা রোদ,
সবাই থাকে, সব থেকে যায়
থাকোনা তুমি, থাকেনা বোধ।

মেয়েটাকে বলি, কোথায় যাবে
কোথা গেলে পাবে এতো ভালোবাসা
মেয়েটা বলে ঘাসগুলো এমন
জড়িয়ে রেখেছে ক্লান্ত সময় !
তোমারি জন্যে এতো মাদকতা
আগত সময় ধরে রাখা ঘাস
সময়টা থাকে কুয়াশা যেমন
থাকোনা তুমি, থাকে দীর্ঘশ্বাস।

মেয়েটাকে বলি, কোথায় যাবে
কোথা গেলে পাবে এতো ভালোবাসা
মেয়েটা বলে এতো ঝড় ও বৃষ্টি
এ ভীষন বিনয়, অস্থির সম্ভাবনা !
তোমারি জন্যে ফুল ও প্রেম
পার্থনারত দেবশিশুগন
ফুলটা থাকে, পড়ে থাকে প্রেম
আর যা কিছু, না চেনাই ভালো ।

-গায়ক আতিক হেলাল ভাইয়ের পাল্লায় পড়ে কবিতাটি শেষ করতে হলো।
